দৈনিক ইত্তেফাক

16

তারিখ 28 AUG 1987 ... ...
পৃষ্ঠা ... ... ... ৫ কলাম ৪ ... ...

# স্কুল সংলগ্ন খালে পাকা সেতু নির্মাণে শম্বুকগতি

মাধবপুর (হবিগঞ্জ), ২৬শে আগষ্ট (নিজস্ব সংবাদদাতা)— ছাতিয়াইন বিশ্বনাথ উচ্চ বিদ্যালয়ের সংযোগ সড়ক ও ডি সি রোডের মধ্যবর্তী খালের উপর পাকা সেতু নির্মাণের কাজ অসমাপ্ত থাকায় বর্ষা মৌসুমে ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের স্কুলে যাতায়াতে খুবই অসুবিধা হইতেছে।

উল্লেখ্য, মাধবপুর উপজেলার এই প্রাচীন শিক্ষা প্রতিষ্ঠানটি একটি নির্জন স্থানে অবস্থিত। বিদ্যালয়ের সংযোগ সড়ক ও নিকটবর্তী ডিসি রোডের মধ্যবর্তী স্থানে একটি খাল রহিয়াছে। খালের উপর কাঠের পুল নির্মাণ করা হইলেও উহা ২/৩ বৎসরের অধিক স্থায়ী হয় না। তখন বাঁশের সাঁকো তৈরী করিয়া পারাপারের ব্যবস্থা করা হয়। খাল পারাপারের সুবিধার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খালের উপর একটি পাকা সেতু নির্মাণ করিয়া দেওয়ার অঙ্গীকার করিলেও কয়েক মাসে পুলের মাত্র ৪টি পিলার নির্মাণ করা হইয়াছে। পাকা পুল নির্মাণের কাজ অসমাপ্ত থাকায় স্কুলের ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের বাঁশের সাঁকোর উপর দিয়া বিপদের ঝুঁকি লইয়া যাতায়াত করিতে হয়।